



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Comilla Palli Bidyut Samity-4

জেনারেল ম্যানেজারের কার্যালয়ঃ
লাকসাম, কুমিল্লা।
web: www.comillapbs4.org.bd
e-mail: comillapbs4@gmail.com
Phone : 08032-51278

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.৩০.০৭.১৭. ৪৭২৫

তারিখঃ ১৮ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ
০৪ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ


বিষয়ঃ “ শীতের পোষাক” সরবরাহের দরপত্র (RFQ)।

অত্র সমিতির কর্মচারীদের জন্য শীতের পোষাক সরবরাহের লক্ষ্যে প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলীতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	চাহিদা	একক মূল্য	মোট মূল্য
০১	জ্যাকেট (সুপারভাইজারদের জন্য) : ডাবল, উন্নত মানের গ্যাভাডিন কাপড়ের তৈরী। চায়না ব্রান্ড। নমুনা মোতাবেক হতে হবে।	১৪ টি		
০২	জ্যাকেট (কর্মচারীদের জন্য) : ডাবল, উন্নত মানের প্যারাসুট/সিনথেটিক কাপড়ের তৈরী। চায়না ব্রান্ড। নমুনা মোতাবেক হতে হবে।	৯৮ টি		

শর্তাবলীঃ

- ০১। অগ্রহী দরদাতাদের আগামী ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। সরবরাহকারী/ ব্যবসায়ী প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে কাপড়ের বর্ণনা, একক মূল্য ও মোট মূল্য উল্লেখ পূর্বক খামের উপর “শীতের পোষাক সরবরাহের দরপত্র” স্পষ্টাক্ষরে লিখে প্রতিষ্ঠানের সীলমোহর ও সীলগালায়ুক্ত করে দরপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। মালামাল উপরে বর্ণিত বিবরণ ও নমুনা মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুরগত মান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামালের গুণগত মান মানসম্পন্ন না হলে গ্রহণ করা হবে না।
- ০৫। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ (যদি থাকে) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৭। কার্যাদেশে বর্ণিত মালামাল নির্ধারিত সময়ে সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা আরোপযোগ্য হবে। এই ধরনের বিলম্ব মাঙ্গল কার্যাদেশে লিখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। তবে নির্ধারিত সময়ের পরে মালামাল সমূহ সরবরাহের ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।
- ০৮। কুমিল্লা পবিস-৪ যে কোন ধরনের কারন দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৯। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(খান মোহাম্মাদ বোরহান)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা, কুমিল্লা
- ০৬। ডিজিএম, কারিগরী-সদর দপ্তর/নাঙ্গলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ০৭। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কুমিল্লা
- ০৮। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), কুমিল্লা পবিস-৪।
- ০৯। মেসার্স
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ (জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিবেন)।
- ১২। অফিস/মাষ্টার নথি।

আগামী ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১২:৩০ ঘটিকায় দরপত্র খোলার সময় উপস্থিত থেকে মূল্যায়ন কাজে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(খান মোহাম্মাদ বোরহান)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)